

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন
CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION
সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং - ৪৭/২০১১

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

তারিখ : ০৪/১০/২০১১খ্রিঃ।

১৯ আশ্বিন, ১৪১৮ বাংলা।

কাস্টম হাউস(আমদানি) চট্টগ্রাম এর অফিস আদেশ নং- ০৫, তারিখঃ ০৩/১০/২০১১খ্রিঃ সকল সম্মানিত সদস্য/ সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

স্বাঃ/-

এম রহমান

উপ-সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাস্টম হাউস(আমদানি), চট্টগ্রাম।

অফিস আদেশ নং-০৫

তারিখঃ ০৩/১০/২০১১খ্রিঃ।

বিভিন্ন আমদানি চালানের বিল-অব-এন্ট্রি'র Assessment Notice- এর উপর ঘোষিত পণ্যের বিবরণ ও পরিমাণের সঠিকতা খালাস পর্যায়ে পরীক্ষান্তে সঠিক প্রাপ্তি সাপেক্ষে ছাড় প্রদান, ঘোষণার সঠিকতা যাচাইয়ের জন্য খালাস পর্যায়ে নমুনা উত্তোলনপূর্বক যথাযথ কর্তৃপক্ষের নিকট উপস্থাপন বা রাসায়নিক পরীক্ষা, ইত্যাদি কার্যক্রম গ্রহণের জন্য আদেশ প্রদত্ত হয়। উক্ত আদেশ পরিপালন না করে এবং পদস্থ কর্মকর্তাদের না জানিয়ে, এমনকি তাঁদের স্বাক্ষর ও সীল জাল করে পণ্য খালাস গ্রহণের অপচেষ্টা গৃহীত হচ্ছে মর্মে বিশ্বস্ত সূত্রে জানা যায়। এমতাবস্থায়, বিল-অব-এন্ট্রি'র Assessment Notice- এর উপর প্রদত্ত আদেশ মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণ তথা- সরকারী রাজস্ব সংরক্ষণের বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত উক্ত পণ্য চালান সমূহ চট্টগ্রাম বন্দর অভ্যন্তর হতে জেটি গেইট-এর মাধ্যমে বহিঃগমন অনুমোদনের ক্ষেত্রে নিম্নরূপ কর্মপদ্ধতি অনুসরণ করা হবেঃ-

- (ক) আমদানি বিল-অব-এন্ট্রি'র Assessment Notice- এর উপর লিখিত আদেশ মোতাবেক কার্যক্রম সম্পাদনের জন্য পদস্থ সংশ্লিষ্ট কাস্টমস্ কর্মকর্তা যথাযথ ব্যবস্থা গ্রহণ পূর্বক পণ্যচালানটি ছাড়যোগ্য মর্মে মন্তব্য Assessment Notice- এর বিপরীত পৃষ্ঠায় স্বহস্তে লিপিবদ্ধ করতঃ স্বাক্ষর এবং দাপ্তরিক সীল প্রদান করবেন। উক্ত কর্মকর্তার স্বাক্ষর, নাম এবং পদবী তাঁর নমুনা স্বাক্ষরের সাথে যাচাই করে সঠিক প্রাপ্তি সাপেক্ষে চট্টগ্রাম বন্দর-এর গেইটে কর্মরত বন্দর নিরাপত্তা বিভাগ ও কাস্টমস্ কর্মকর্তা কর্তৃক চট্টগ্রাম বন্দর অভ্যন্তর হতে পণ্যবাহী ট্রাক/যানের বহিঃগমনের অনুমতি দিতে হবে। চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের নিরাপত্তা বিভাগ এবং কাস্টমস্ গেইট ডিভিশন-এ দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা উক্ত পণ্য চালান সমূহের অন্যান্য দলিলপত্রের সাথে Assessment Notice- এর ফটোকপিও সংগ্রহ করবেন, যা পরবর্তী কার্যক্রমের জন্য সংরক্ষণ করতে হবে।
- (খ) Assessment Notice- এর উপর প্রদত্ত কাস্টমস্ কর্তৃপক্ষের আদেশ মোতাবেক গৃহীত কার্যক্রমের প্রমাণ স্বরূপ সংশ্লিষ্ট Assessment Notice- এর সত্যায়িত ফটোকপি পণ্য ছাড় গ্রহণকারী সিএন্ডএফ এজেন্ট কর্তৃক চালানটি খালাস নেয়ার পরবর্তী ০৩(তিন) কর্মদিবসের মধ্যে ডিসি (জেটি)-এর দপ্তরে দাখিল করতে হবে।
- (গ) Assessment Notice- এর বিপরীত পৃষ্ঠায় সংশ্লিষ্ট চালানটি ছাড়যোগ্য মর্মে লিখিত মন্তব্য প্রদানকারী কাস্টমস্ কর্মকর্তার স্বাক্ষর, নাম এবং পদবী যাচাইপূর্বক নিশ্চিতকল্পে ডিসি (জেটি) ও এআইআর শাখা, কাস্টম হাউস, চট্টগ্রাম এবং শুল্ক গোয়েন্দা ও তদন্ত বিভাগ, চট্টগ্রাম-এ পদস্থ সকল সহকারী রাজস্ব কর্মকর্তার নাম, পদবী ও নমুনা স্বাক্ষর সম্বলিত একটি তালিকা যথানিয়মে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের নিরাপত্তা বিভাগ এবং কাস্টমস্ গেইট ডিভিশন-এ প্রেরিত হবে।

০২। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত-

সৈয়দ গোলাম কিবরীয়া

কমিশনার অব কাস্টমস্

কাস্টম হাউস(আমদানি), চট্টগ্রাম।

তারিখঃ ০৩/১০/২০১১খ্রিঃ

নথি নং-৬৮/এআইআর/কাস(আমঃ)/চট্ট/১১-১২/৩৩০২ কাস

পৃষ্ঠা নং - ৪৮